

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৫৪৫.২০১৫-২৪৫২,

তারিখ : ০৬/০২/২০১৫

বিষয় : রীট পিটিশন নং-১০৮৮১/২০১৫, বাদী জনাব মোঃ রাকিব আহমেদ, পিতা-মোঃ ইসহাক আলী সরকার, মাতা-রোকেয়া বেগম, স্বত্বাধিকারী-মেসার্স রাকিব এন্টারপ্রাইজ, আটানীবাজার, মুক্তাগাছা, ময়মনসিংহ-বনাম-সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩) প্রকল্পের আওতায় PEDP-III/MMN/MUK/2011-12/W1.0489 এবং PEDP-III/MMN/MUK/2011-12/W2.0248-এর বিপরীতে দরপত্র প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ অনুসারে চক্রান্ত বা যোগসাজশমূলক কার্য (Collusive Practice) এর কারণে এলজিইডি'র ক্রয় কার্যক্রম হতে বিরত (Debar) রাখা সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০৮৮১/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।



(পাপিয়া ঘোষ)

সহকারী সচিব

ফোন-৯৫৭৬৫০৫।

প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।